দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৮।৪।৯২ইং
পৃষ্ঠা ৮ কলাম ৬



বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীরা ১৯৯১-৯২ সেশনের সনাতন পদ্ধতির সম্মান পরীক্ষা পিছাইবার দাবীতে গতকাল নগরীতে মিছিল বাহির করে —ইত্তেফাক

# অনার্স পরীক্ষা পিছাইবার দাবীতে

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ১৯৯১-৯২ শিক্ষাবর্ষের সম্মান (সনাতন) ফাইনাল পরীক্ষা পিছানোর দাবীতে ঢাকা কলেজ, জগন্নাথ কলেজ ও ইডেন কলেজের একদল ছাত্র-ছাত্রী গতকাল ( মঙ্গলবার ) জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক সমাবেশ শেষে গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসির কার্যালয় ঘেরাও ও ভিসির নিকট স্মারকলিপি পেশ করে। তাহারা প্রায় এক ঘন্টা জাতীয় বিশ্ববিদ্যালয় সম্মুখস্থ ব্যস্ত সড়ক অবরোধ করিয়া রাখে। প্রেসক্লাবের সম্মুখে অনুষ্ঠিত সভা-

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা পিছানোর দাবীতে

( শেষ পৃঃ পর )

বেশে জিয়াউর রহমান জিয়া, সৈয়দ আহসানুল কামরান, রোকেয়া আকতার (রোকন), জাহানারা বীথি প্রমুখ বক্তৃতা করেন। সভায় বলা হয়, ২২শে জুন হইতে অনুষ্ঠিতব্য এই পরীক্ষা কমপক্ষে ৬ মাস পিছাইতে হইবে। অন্যথায় পরীক্ষা পিছানোর দাবীতে বৃহত্তর আন্দোলন গড়িয়া তোলা হইবে। ছাত্র-ছাত্রীদের দাবীর প্রেক্ষিতে কর্তৃপক্ষ ১৪ই এপ্রিল এক সভা আহ্বান করিয়াছে বলিয়া একটি সূত্র জানাইয়াছে।

### জা'নগর ভার্সিটি ছাত্রীদের বিক্ষোভ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, বিশ্ববিদ্যালয়ের ৩ নম্বর ছাত্রী নিবাসের অর্থনীতি দ্বিতীয় বর্ষের জনৈকা ছাত্রীকে লাঞ্ছিত করার ঘটনার প্রতিবাদে গতকাল ৩টি ছাত্রী নিবাসের ৪ শতাধিক ছাত্রী ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে ভিসির কার্যালয় ২ ঘন্টা অবরোধ করিয়া রাখে। তাহারা ছাত্রীদের নিরাপত্তা ও দোষী ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবীতে ভিসির নিকট স্মারকলিপি পেশ করে। উল্লেখ্য, গত ২৭শে জানুয়ারী জনৈক ছাত্র উক্ত ছাত্রীকে লাঞ্ছিত করে।